অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/1/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো আজ স্টেটের সংস্থাগুলিকে, লেক অন্টারিওর বন্যার থেকে কমিউনিটিগুলিকে রক্ষা করার জন্য প্রচেষ্টাগুলিকে আরও সক্রিয় করার নির্দেশ দিয়েছেন

সমুদ্রতীরবর্তী সম্পত্তির মালিকদের প্রয়োজনীয় মেরামত করার জন্য এবং বন্যার কারণে হওয়া সম্পত্তির ক্ষতিগুলি পূরণ করার প্রক্রিয়াগুলি দ্রুততর করে, পরিবেশ সংরক্ষণ দপ্তর (Department of Environmental Conservation, DEC), লেক অন্টারিও এবং সেন্ট লরেন্স ফ্লাড রিকভারি জেনারেল পার্মিট (Lake Ontario and St. Lawrence Flood Recovery General Permit) ইস্যু করেছে

হোমল্যান্ড নিরাপত্তা এবং জরুরি পরিষেবা দপ্তর (Division of Homeland Security and Emergency Services) নায়াগ্রা কাউন্টিতে সরাসরি সহস্রাধিক বালির বস্তা এবং 221 ফুট অ্যাকোয়াড্যাম নিয়োজিত করেছে, এবং অঞ্চলটিকে বন্যার কবল থেকে মুক্ত করার জন্য 100টি পর্যন্ত পাম্প কাজে লাগানোর জন্য তৈরি করে রেখেছে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ রাজ্যের সংস্থাগুলিকে হ্রদের ক্রমবর্ধমান জলের স্তরগুলির ফলে সম্ভাব্য বন্যা থেকে লেক অন্টারিও এবং সেন্ট লরেন্স নদীর উপকূলবর্তী কমিউনিটিগুলিকে রক্ষা করার প্রচেষ্টাগুলি আরও সক্রিয় রাখার নির্দেশ দিয়েছেন। গ্রেট লেক অববাহিকায় চলতে থাকা স্বাভাবিকের থেকে বেশি বৃষ্টিপাত এবং বরফ গলে যাওয়ার জন্য লেক অন্টারিও এবং সেন্ট লরেন্স নদীতে জলস্তর বেড়ে যাওয়ার কারণে সম্ভাব্য ক্ষতির প্রভাবগুলি দূর করতে গভর্নর কুওমো স্টেটের পরিবেশ সংরক্ষণ দপ্তরকে একটি জেনারেল পার্মিট ইস্যু করার নির্দেশ দিয়েছেন। DEC কমিশনানের ইস্যু করা জরুরি ঘোষণা ভিত্তিক এই পার্মিট, উপকূলবর্তী সম্পত্তির মালিকদের বন্যার কারণে ক্ষতিগ্রস্ত তাদের সম্পত্তির দ্রুত প্রয়োজনীয় মেরামত এবং স্থিতিশীল করার জন্য প্রক্রিয়াগুলিকে দ্রুততর করবে। উচ্চ জলস্তর চলতে থাকবে বলে অনুমান করা হচ্ছে এবং এর ফলে সমুদ্র উপকূলের বিস্তীর্ণ অঞ্চলের ক্ষয় হবে, যা উপকূলবর্তী স্ট্রাকচারগুলির ক্ষতি করবে এবং 2017 সালের বসন্তকালে হওয়া ঐতিহাসিক বন্যার মতো পরিকাঠামোকে বিপন্ন করে তুলবে। উপরন্তু, নিউ ইয়র্ক স্টেট হোমল্যান্ড নিরাপত্তা এবং জরুরি পরিষেবা নায়াগ্রা কাউন্টিতে সরাসরি 20,000 বালির বস্তা, একটি স্যান্ডব্যাগার, এবং 221 ফুট অ্যাক্যোয়াড্যাম নিয়োজিত করেছে এবং বন্যার কবল থেকে রক্ষার করার জন্য সহায়তা করতে অঞ্চলটির জন্য 100টি পর্যন্ত কাজে লাগানোর জন্য তৈরি রেখেছে।

"লেকের উপকূল বরাবর কমিউনিটিগুলির জন্য এটি অত্যন্ত চ্যালেঞ্জিং। বিশেষ করে নিউফেনে এই সমস্যাটি আরও তীব্র এবং আমাদের একটি বিবিধ-ত্রিমুখী কৌশল আছে যেটি আমরা অনুমান করা সমস্যার তীব্রতা হ্রাস ও প্রকোপ কম করতে ক্ষতি হওয়ার আগে এখনই নিয়োজিত করতে পারি", **গভর্নর কুওমো বলেন।** "আজ আমরা একটি জেনারেল পার্মিট ইস্যু করতে চলেছি যা মূলত

জলস্তরের কাছাকাছি থাকা বাড়ি এবং ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলিকে স্বল্প-কালীন এবং প্রয়োজনীয় জরুরি মেরামতগুলি করার ক্ষেত্রে আগে থেকেই অনুমতি দিয়ে রাখবে। আশা করব প্রকৃতি মা আর কুপিত হবেন না এবং লেকের জলস্তর আর বাড়বে না কিন্তু আমরা ইতিমধ্যে রেকর্ড জলস্তরে রয়েছি এবং আমাদের লক্ষ্য হল সর্বদা ভালো আশা করা কিন্তু সবথেকে খারাপ পরিস্থিতির জন্য তৈরি থাকা।"

"বন্যার দ্বারা প্রভাবিত হওয়া সম্প্রদায়গুলি পরিদর্শন করে এবং এই ধ্বংস নিজের চোখে দেখে, আমি জেনেছি ওন্টারিওর বন্যা বাড়ির মালিকদের এবং ব্যবসার উপর কি বিধ্বংসী প্রভাব ফেলেছে," **লেফ্টেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "এই অতিরিক্ত সংস্থান নিয়োজন এবং বর্ধিত সহায়তার মাধ্যমে, আমরা সম্ভাব্য বন্যার জন্য প্রস্তুতি নিচ্ছি এবং বিভিন্ন ভাবে বাসিন্দাদের সহায়তা করতে এবং সম্প্রদায়গুলিকে সুরক্ষিত রাখার জন্য আমরা তৈরি।"

প্রাকৃতিক বিপর্যয় বা অস্বাভাবিক আবহাওয়ার পরে এবং ক্ষতি পূরণের জন্য যখন একাধিক ব্যক্তি বা স্থানীয় প্রশাসনদের একই ধরণের প্রকল্প নিতে হয়, তখন পরিবেশ সংরক্ষণ দপ্তর, একটি নির্দিষ্ট সময়ের জন্য বৈধ, একটি জেনারেল পার্মিট ইস্যু করে। জেনারেল পার্মিট, অবস্থান-নির্দীষ্ট পারমিটগুলি পাওয়ার সময়-সাপেক্ষ প্রক্রিয়া এড়াবার মাধ্যমে, কমিউনিটিগুলিকে পুনর্গঠনে সহায়তা করে। উদাহরণস্বরূপ, 2017 সালে DEC জরুরি কাজের জন্য 3,000 এরও বেশি পার্মিট দ্রুততর করতে সক্ষম হয়েছিল। যে কাজগুলি করতে হবে সেগুলি আইনি আবশ্যিকতা পূরণ করছে, তা নিশ্চিত করার জন্য DEC কর্মী পার্মিটগুলি ইস্যু হওয়ার পরে কঠোর নজরদারি এবং মান নিয়ন্ত্রণ প্রচেষ্টা সম্পাদন করেন।

পরিবেশ সংরক্ষণ দপ্তর এর কমিশনার, বেসিল সেগোস, বলেছেন, "কমিউনিটিগুলি যখন সম্ভাব্য বন্যার প্রভাবগুলির জন্য একজোট হয়েছে, তখন নিউ ইয়র্ক স্টেট সম্পত্তি এবং পরিকাঠামোগুলিতে যে ক্ষতি হতে পারে তা হ্রাস করার ও পূরণ করার জন্য পদক্ষেপ নিচ্ছে। DEC কর্মী উচ্চ জলস্তরের উপর অবিরাম নজর রেখে চলেছে এবং উপকূলবর্তী পৌরসভা এবং অধিবাসীদের তৈরি রাখতে এবং জরুরি পরিস্থিতি অতিক্রান্ত না হওয়া পর্যন্ত প্রত্যাঘাত করতে সহায়তা করার জন্য প্রস্তুত।"

নিউ ইয়র্ক স্টেট হোমল্যান্ড নিরাপত্তা এবং জরুরি পরিষেবার ভারপ্রাপ্ত কমিশনার প্যাট্রিক এ. মার্ফি বলেছেন, "দুর্ভাগ্যজনকভাবে লেক অন্টারিওর উপকূল বরাবর বন্যা এখন একটি স্বাভাবিক ঘটনা হয়ে গেছে, সেইজন্য এটি গুরুত্বপূর্ণ যেন লেকের পার্শ্ববর্তী কমিউনিটিগুলিকে সহায়তা করার জন্য আমরা একটি স্টেট হিসাবে একসাথে এগিয়ে আসি এবং নিশ্চিত করি যেন 2017 সালের পুনরাবৃত্তি না হয়। গভর্নর কুওমোর নেতৃত্বে, নিউ ইয়র্ক স্টেটের জরুরি প্রতিক্রিয়া কর্মীবৃন্দ আমাদের স্থানীয় অংশীদারদের সাথে অবিরত সংযোগ রেখে চলেছে এবং যে সকল কমিউনিটিগুলির অতিরিক্ত সংস্থানের প্রয়োজন সারা দিন ধরে তাদের সেগুলি পাঠিয়ে চলেছে। আমরা এখন এখানে আছি এবং আমাদের সহায়তা প্রয়োজন আছে এমন অন্য যে কোনো অঞ্চলকে সহায়তা করার জন্য আমরা প্রস্তুত।"

DEC দ্বারা ইস্যু করা এই নতুন জেনারেল পার্মিট উপকূলবর্তী সম্পত্তিগুলির মালিকদের প্রয়োজনীয় জরুরি মেরামত এবং নায়াগ্রা নদী, লেক অন্টারিও সমুদ্রউপকূল এবং কায়ুগা, জেফারসন, মনরো, নায়াগ্রা, অর্ল্যান্স,ওসোওয়েগো, সেন্ট লরেন্স এবং ওয়েনি কাউন্টিগুলিতে সেন্ট লরেন্স নদী বরাবর উচ্চ জলস্তর ও বায়ু-চালিত উচ্চ ঢেউ থেকে তাদের সম্পত্তিগুলি স্থিতিশীল করতে কার্যকলাপগুলিকে অন্তর্ভুক্ত করেছে। DEC নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ স্টেট (Department of State, DOS) এবং বাফেলো ডিস্ট্রিক অফ ইউ.এস আর্মি কর্প অফ ইঞ্জিনিয়ারস (U.S. Army Corp of Engineers, USACOE) এর সাথে পরামর্শ করে জেনারেল পার্মিটটি তৈরি করেছে। এই পার্মিটটির অধীনে অনুমোদিত ক্রিয়াকলাপগুলি USACOE এর সারা দেশের পার্মিট প্রোগ্রাম অনুযায়ী কভারেজের জন্য যোগ্য হবে এবং DOS থেকে একটি ফেডারাল কোস্টাল কনসিস্টেন্সি কনকারেন্স (Federal Coastal Consistency Concurrence) পাবে। জেনারেল পার্মিটের জন্য যোগ্য আবেদনকারীরা এই তিনটি সংস্থা থেকেই একটি একক অনুমোদন পাবে।

কায়ুগা, জেফারসন, মনরো, নায়াগ্রা, অর্ল্যান্স, ওসয়েগো, সেন্ট লরেন্স এবং ওয়েনি কাউন্টিগুলির জন্য, গ্রেট লেকসের অববাহিকায়, লেক অন্টারিও, নায়াগ্রা নদীর নিম্নাংশ এবং সেন্ট লরেন্স নদীর উপকূলে প্রবল বৃষ্টিপাত এবং বরফ গলে যাওয়ার জন্য সাম্প্রতিক উচ্চ জলস্তরের কারণে হওয়া ক্ষতি মেরামত করতে এবং সম্পত্তিগুলিতে স্থিতিশীল করার জন্য উপকূলবর্তী সম্পত্তির মালিকদের যে সাধারণ কাজগুলি করতে হবে তার জন্য একটি নতুন জেনারেল পার্মিট ইস্যু করতে DEC কমিশনার সেগস একটি জরুরি ঘোষণা করেছেন।

নতুন পার্মিটটি DEC-র ওয়েবসাইটে পাওয়া যাচ্ছে। 30শে এপ্রিল, 2020 অবধি DEC আবেদন গ্রহণ করবে। জেনারেল পার্মিট কর্তৃপক্ষ সেপ্টেম্বর 30, 2020 পর্যন্ত কার্যকর থাকবে।

অনুমোদিত ক্রিয়াকলাপগুলি অন্তর্ভুক্ত করে:

- ক্ষতিগ্রস্ত কাঠামোগুলির মেরামত এবং কোনো বস্তুর প্রতিস্থাপন;
- বিদ্যমান সার্বজনীন সড়ক, সেতু, ইউটিলিটি এবং অন্যান্য সার্বজনীন পরিকাঠামোগুলির মেরামত বা প্রয়োজনীয় সামগ্রী দিয়ে পুনঃনির্মাণ;
- সাময়িক ঠেকনা এবং আস্তরণ দিয়ে বিদ্যমান, কর্মরত ঝড়-দ্বারা ক্ষতিগ্রস্ত আবাস, ডেক, এবং হাঁটার পথগুলিকে স্থিতিশীল করা;
- উপকূলের পলি জমে লেক অন্টারিওর শাখানদীগুলির গতিপথ বন্ধ হয়ে গেলে তা সরানো।

যে সমস্ত বাড়ির মালিক এবং পৌরসভাগুলির পারমিটগুলি সম্পর্কে প্রশ্ন আছে তারা আঞ্চলিক DEC পার্মিট প্রশাসকের (Regional DEC Permit Administrator) সাথে যোগাযোগ করতে পারেন।

যে সমস্ত অঞ্চলের জলস্তর বৃদ্ধি পেয়েছে সেই অঞ্চলের কমিউনিটিগুলিকে রক্ষা করতে অতিরিক্ত সংস্থানের নিয়োজন ও সহায়তা করতে গভর্নর অ্যান্ড্রু এম. কুওমোর নির্দেশে যে বিভিন্ন পদক্ষেপ নেওয়া হয়েছে জেনারেল পার্মিটের ইস্যু তাদের মধ্যে নেওয়া একটি পদক্ষেপ। সপ্তাহান্ত জুড়ে, গভর্নর ঘোষণা করেন যে হোমল্যান্ড সিকিউরিটি এবং জরুরী পরিষেবাদি বিভাগ স্থানীয় অংশীদারদের সাথে নিয়মিত প্রস্তুতির সমন্বয়সাধনের কলগুলি করতে শুরু করেছে এবং ঘটার আগে বন্যার সম্ভাব্য

প্রভাবগুলি হ্রাস করার জন্য হ্রদের উপকূলে গুরুতর প্রতিক্রিয়া এবং পুনরুদ্ধারের সম্পদগুলি স্থাপন করছেন। যে আটটি কাউন্টির সীমানায় লেক অন্টারিও আছে তাদের স্ট্র্যাটেজিক সাইটগুলিতে গভর্নরের নির্দেশে, দপ্তর মোট 340,000 বালির বস্তা, একাধিক স্যান্ডব্যাগার, একাধিক পাম্প এবং শতাধিক ফুটের অ্যাকোয়াডিয়াম নিয়োজিত করেছে। দপ্তর স্থানীয় অংশীদারদের সাথে অবিরত যোগাযোগ রেখে চলেছে এবং প্রয়োজন হলে প্রদান করার জন্য আরও বালির বস্তা এবং স্যান্ডব্যাগার তৈরি রাখা আছে।

জলস্তর বৃদ্ধি পাওয়ার জন্য ক্ষতিগ্রস্ত হওয়ার সম্ভাবনাযুক্ত অঞ্চগুলিকে সনাক্ত করতে DEC বিশেষজ্ঞরা, জলস্তর অনুমান সম্পর্কে আন্তর্জাতিক যৌথ কমিশনের (International Joint Commission, IJC) ডেটা এবং রিপোর্ট অবিরত মনিটর করে চলেছেন। কানাডায় প্রবল বন্যার পর, বর্তমানে হ্রদের জলস্তর গড় উচ্চতার এক ফুট ওপরে থাকায় প্রভাবগুলি হ্রাস করতে IJC সেন্ট লরেন্স নদীর উপর মোসেস-সন্ডার্স বাঁধ (Moses-Saunders Dam) থেকে জলের বহির্প্রাবাহ হ্রাস করা অব্যাহত রেখেছে।

2017 সালে নিউ ইয়র্কের হাজার হাজার মানুষকে বন্যার সাথে যে লড়াই করতে হয়েছিল তা প্রতিরোধ করতে লেক অন্টারিও সিস্টেম থেকে জলের বহি প্রবাহ সর্বাধিক করার অনুরোধ জানিয়ে এই বছরের গোড়ার দিকে, গভর্নর কুওমো IJC কে লিখেছিলেন। তারপর থেকে, জল স্তরগুলি স্বাভাবিকের তুলনায় বেশি থেকেছে এবং আগামী সপ্তাহগুলিতে তা বাড়তে পারে বলে আশা করা হচ্ছে, যার ফলে বাড়ির মালিকদের এবং ব্যবসাগুলিকে সম্ভাব্য বন্যা থেকে রক্ষা করার জন্য অঞ্চলটিতে রাজ্যের সম্পদগুলির সক্রিয় নিয়োজন প্রয়োজন।

2017 সালে লেক অন্টারিও, নায়াগ্রা নদীর নিম্নাংশ এবং সেন্ট লরেন্স নদীর উপকূল বরাবর উচ্চ জলস্তরের ঘটনার পর, স্টেট লেক অন্টারিও এবং সেন্ট লরেন্স উপকূলের জন্য 95 মিলিয়ন ডলার বরাদ্দ করেছে। বন্যায় ক্ষতিগ্রস্ত অধিবাসীদের, ছোট ব্যবসা এবং পৌরসভাগুলির সহায়তার জন্য প্রাথমিকভাবে 45 মিলিয়ন মার্কিন ডলারের প্রতিশ্রুতির সাথে পুনরুদ্ধারের কর্মসূচীটি শুরু হয়েছিল। পূর্ববর্তী ত্রাণকে শক্তিশালী করার জন্য এবং পুনরুদ্ধারের প্রচেষ্টার জন্য প্রয়োজনীয় আর্থিক সহায়তা প্রদানের জন্য রাজ্য ও পৌরসভা সুবিধা কার্যক্রম থেকে এটিকে 5 মিলিয়ন মার্কিন ডলারের সম্পূরক অর্থ প্রদান করা হয়েছিল। 2018-19 সালের রাজ্যের বাজেটে পুনরুদ্ধারের প্রোগ্রামের জন্য অতিরিক্ত 40 মিলিয়ন মার্কিন ডলার অন্তর্ভুক্ত ছিল, যা সমুদ্র উপকূল পুনর্গঠন ও স্থিতিশীলতা, এবং বন্যা ও সামুদ্রিক দেওয়াল জরুরি পুনর্নির্মাণের অর্থ পরিশোধ করা সমর্থন করে চলেছে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন